

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২১৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিন ইকামত দেওয়া শুরু করার পর নতুন করে সুন্নাহ-নফল আদায় শুরু করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذَكَرُ الزَّجْرِ عَنْ إِنْشَاءِ الْمَرْءِ الصَّلَاةَ عِنْدَ ابْتِدَاءِ الْمُؤَذِّنِ فِي الْإِقَامَةِ

আরবী

2188 - أَخْبَرَنَا بَكْرُ بْنُ مُحَمَّدٍ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْقَزَّازُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ عَنْ عَاصِمِ الْأَحْوَلِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ: أَنَّ رَجُلًا دَخَلَ الْمَسْجِدَ بَعْدَمَا أُقِيمَتِ الصَّلَاةُ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فَصَلَّى رَكَعَتَيْنِ ثُمَّ دَخَلَ الصَّفَّ فَلَمَّا انْصَرَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (بَأَيَّتَهُمَا اعْتَدَدْتَ - أَوْ بَأَيَّتَهُمَا احْتَسَبْتَ؟ - الَّتِي صَلَّيْتَ مَعَنَا أَوِ الَّتِي صَلَّيْتَ وَحْدَكَ؟) (الرَّاهِي : عَبْدُ اللَّهِ بْنُ سَرْجِسَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2188 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2588):

•م

বাংলা

২১৮৮. আব্দুল্লাহ বিন সারজিস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি সালাতের ইকামত দেওয়ার পর মাসজিদে প্রবেশ করেন, এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায় করছিলেন। সে ব্যক্তি দুই রাকা‘আত সালাত আদায় করেন, তারপর কাতারে প্রবেশ করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “দুই সালাতের মাঝে তুমি কোনটি গ্রহণযোগ্য ধরলে অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) দুই সালাতের মাঝে তুমি কোনটিতে সাওয়াবের প্রত্যাশা করলে; আমাদের সাথে যেটা আদায় করেছে সেটা, নাকি যা তুমি একাকী আদায় করেছে, সেটা?”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৮৩; সহীহ মুসলিম: ৭১২; আবু দাউদ: ১২৬৫; নাসাই: ২/১১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫৮৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91506>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন